

এবার মুঠোফোনেই পরিশোধ হবে কলেজ ফি



বিসিবি শিওরক্যাশ

ইডেন মহিলা কলেজে বিসিবি শিওরক্যাশের মাধ্যমে সেবার উদ্বোধন



স্কুল-কলেজের বেতন ও অন্যান্য ফি পরিশোধ করতে বরাবরই আমরা অ্যাকাউন্টস রুনের লাইনে দাঁড়াই। কিন্তু ঘরে বসেই যদি মোবাইলে নিটিয়ে দেওয়া যায় এই বেতন ও ফি তাহলে কেমন হয়। সম্প্রতি একটি উদ্যোগ নিল ইডেন মহিলা কলেজ। এই কলেজের ৩৮,০০০ ছাত্রী এখন থেকে তাদের বেতন এবং অন্যান্য ফি বিসিবি শিওরক্যাশের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে হোস্টেলে অথবা ঘরে বসেই পরিশোধ করতে পারবেন। আজ প্রতিষ্ঠান প্রাঙ্গণে উক্ত সেবা কার্যক্রমের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এবং ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর হুসনে আরা। এতে আরও উপস্থিত ছিলেন শিক্ষা সচিব মো. নজরুল ইসলাম খান, বাংলাদেশ কমার্স ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক আবু সাদেক মো. সোহেল এবং শিওরক্যাশের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহাদাত খান। শিক্ষামন্ত্রী মুঠোফোন ভিত্তিক এই সেবা কার্যক্রমের ডায়ালগ প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতে অন্যান্য শিক্ষা

প্রতিষ্ঠানও এই ধরনের সেবা চালু করলে, প্রতিষ্ঠানের ঝামেলা কমবে ও দক্ষতা বাড়বে এবং ছাত্রছাত্রীর সময় ও যাতায়াত ভাড়া বাঁচবে। প্রতিষ্ঠানটির অধ্যক্ষ প্রফেসর হুসনে আরা বলেন, 'এ সেবার মাধ্যমে ইডেন কলেজ এক পূর্ণাঙ্গ ডিজিটাল পেমেট প্ল্যাটফর্ম চালু করল। কলেজে এখন আর হাতে লেখা বড় বড় লেজার খাতা দেখা যাবে না। অনলাইন পোর্টালের মাধ্যমে সব ধরনের হিসাব রাখা হবে এবং নানাবিধ রিপোর্ট পাওয়া যাবে।' শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এই অনুষ্ঠানে ছাত্রীদের জন্য ডায়ালগিং সেবা, লাইব্রেরি অটোমেশন, হোস্টেলের জন্য অটোমেশন ছাড়াও ইডেন কলেজের সামগ্রিক ডিজিটাইজেশন ব্যবস্থা এবং এর নানা উন্নয়নমূলক কার্যক্রমের জন্য তিনি ইডেন কলেজ কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। উক্ত অনুষ্ঠানে ছাত্রী এবং শিক্ষকদের উচ্ছ্বাস এবং উপস্থিতি ছিল লক্ষণীয়। টেড ফিসার প্রিন্ট সেবা এবং শিওরক্যাশের সৌজন্যে নির্মিত মুক্তিযুদ্ধ ভিত্তিক একটি ম্যুরালও উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।